শিল্প ঋণ প্রতিবেদনের 'নির্বাহী সার'

ছক-১: বিগত অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)			
	জুলাই-সেপ্টেম্বর, ২০১৭-১৮	জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯	% পরিবর্তন
বিতরণ	৮১,৩৪৪.২৩	৯৪,৪১৯.৬৫	১৬.০৭%
আদায়	৬৫,৯৬৪.৯৮	৮১,৭৯৫.৪০	২৪.০০%
	জুলাই-সেপ্টেম্বর, ২০১৭-১৮ (৩০ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে) স্থিতি	জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯ (৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে) স্থিতি	% পরিবর্তন
মেয়াদোত্তীর্ণ ঋণ	৫৩,৭১০.৫১	৬৭,৮৩৯.৯৬	২৬.৩১%
বকেয়া স্থিতি	৩৫১,৮৯৮.৭৭	৪৪৮,১৮২.৬৮	২৭.৩৬%
শ্রেণিকৃত ঋণ	৩১,২৬৯.৬৮	৪৩,৬২০.৪৫	৩৯.৫০%

- ছক-১ হতে পরিদৃষ্ট হয় যে, বিগত অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর,২০১৭-২০১৮ সময়ের তুলনায় ২০১৮-২০১৯ অর্থবছরের একই সময়ে শিল্প খাতে ঋণ বিতরণ ১৬.০৭%, ঋণ আদায় ২৪.০০%, মেয়াদোত্তীর্ণ ঋণ ২৬.৩১%, বকেয়া স্থিতি ২৭.৩৬% এবং শ্রেণিকৃত ঋণ ৩৯.৫০% বৃদ্ধি পেয়েছে।

- ২০১৮-২০১৯ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে শিল্প ঋণ হিসাবে বিতরণকৃত মোট ৯৪,৪১৯.৬৫ কোটি টাকার মধ্যে চলতি মূলধন ঋণের পরিমাণ ৭৫,৩০৮.৪৩ কোটি টাকা যা মোট বিতরণের ৭৯.৭৬% এবং মেয়াদি ঋণের পরিমাণ ১৯,১১১.২২ কোটি টাকা যা মোট বিতরণের ২০.২৪%।

- জুলাই-সেপ্টেম্বর, ২০১৭-২০১৮ সময়ের তুলনায় ২০১৮-২০১৯ অর্থবছরের একই সময়ে মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ ১৬.০৭% বৃদ্ধি পেয়েছে যেখানে বৃহদাকার শিল্প ও ক্ষুদ্র শিল্পে এ বৃদ্ধির হার যথাক্রমে ২০.৪১% ও ১০.৪৬৮% অন্যদিকে মাঝারি শিল্পে এ হার হ্রাস পেয়েছে ৬.৮০%।

- জুন, ২০১৮ ত্রৈমাসিক শেষে শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ছিল ৪৩২,৬৪৪.৫৪ কোটি টাকা যা আলোচ্য সময়ে ১৫,৫৩৮.১৪কোটি টাকা বৃদ্ধি পেয়ে সেপ্টেম্বর,২০১৮ প্রান্তিকে ৪৪৮,১৮২.৬৮ কোটি টাকায় দাঁড়িয়েছে।

- জুন, ২০১৮ ত্রৈমাসিক শেষে শিল্প ঋণে শ্রেণিকৃত ঋণের হার ছিল ৮.৯০% যা সেপ্টেম্বর, ২০১৮ ত্রৈমাসিক সময় শেষে ০.৮৩% বৃদ্ধি পেয়ে ৯.৭৩% এ দাঁড়িয়েছে। জুন, ২০১৮ ত্রৈমাসিকের তুলনায় সেপ্টেম্বর, ২০১৮ ত্রৈমাসিক শেষে শিল্প খাতে শ্রেণিকৃত চলতি মূলধন ঋণের হার ১৭.১৫% এবং শ্রেণিকৃত মেয়াদি ঋণের হার ১১.৫৬% বৃদ্ধি পেয়েছে।

- ৩০ সেপ্টেম্বর, ২০১৭ সময়ের তুলনায় ২০১৮ অর্থবছরের একই সময়ে বিতরণকৃত মোট শিল্প-ঋণের মধ্যে শ্রেণীকৃত স্থিতির পরিমান ৩৯.৫০% বৃদ্ধি পেয়েছে যেখানে বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে এ বৃদ্ধির হার যথাক্রমে ৩৬.৫৭% ২৪.৮৩% এবং ৯১.১৭%।

- সেপ্টেম্বর, ২০১৮ ত্রৈমাসিক সময় শেষে ব্যাংকের ধরণভেদে শ্রেণিকৃত ঋণের হার রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪৪.৯১%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪২.৪৬%, বিদেশি ব্যাংকসমূহের ১.৬৭%, বিশেষায়িত ব্যাংকসমূহের ২.২০% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৮.৭৬%।

- সেপ্টেম্বর, ২০১৮ ত্রৈমাসিক সময় শেষে একক প্রতিষ্ঠানসমূহের শ্রেণিকৃত ঋণের হার পর্যালোচনায় দেখা যায়, ৩৬টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ৫% এর নিচে, ২৮টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ৫% এর বেশি কিন্তু ১০% এর নিচে, ৩টি প্রতিষ্ঠানের শ্রেণীকৃত ঋণের হার ১০% এর বেশি কিন্তু ১৫% এর নিচে এবং ২২টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ১৫% এর বেশি রয়েছে।


২০১৮-১৯ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

দেশের সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে জুলাই-সেপ্টেম্বর/২০১৮-২০১৯ সময় শেষে প্রাপ্ত বিবরণীর তথ্যের ভিত্তিতে দেশের শিল্প খাতে ঋণ বিতরণ, আদায়, মেয়াদোত্তীর্ণ, বকেয়া স্থিতি ও শ্রেণিকৃত স্থিতির একীভূত বিবরণী প্রস্তুত করা হয়েছে যা নিম্নে উপস্থাপন করা হলো ঃ


ঋণ বিতরণ

২০১৮-১৯ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ে মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ ছিল ৯৪,৪১৯.৬৫ কোটি টাকা যার মধ্যে মেয়াদি শিল্প ঋণের পরিমাণ ১৯,১১১.২২ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণের পরিমাণ ৭৫,৩০৮.৪৩ কোটি টাকা (ছক-১ দ্রষ্টব্য)। বর্ণিত সময়ে বিতরণকৃত মোট টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট শিল্প ঋণ বিতরণের হার যথাক্রমে ৮১.৫৫%, ১০.২৯% এবং ৮.১৬% (চিত্র-১ দ্রষ্টব্য)। আলোচ্য সময়ে শিল্প ঋণ হিসেবে মোট বিতরণের মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ২.১৯%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭৭.৪০%, বিদেশি ব্যাংকসমূহ ১৪.০৯%, বিশেষায়িত ব্যাংকসমূহ ০.১৪% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৬.১৮% বিতরণ করেছে (চিত্র-২)।

চিত্র ১: শিল্পের আকার অনুযায়ী মোট শিল্প ঋণ বিতরণের হার (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯)



চিত্র ২: ব্যাংকের ধরণ অনুযায়ী মোট শিল্প ঋণ বিতরণের হার (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯)




বিগত অর্থবছরের শিল্প ঋণ বিতরণের সাথে তুলনামূলক চিত্রঃ


		ছক-১: শিল্প ঋণ বিতরণ: বিগত অর্থবছরের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জুলাই-সেপ্টেম্বর, ২০১৭-১৮	জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১১,৭৮৬.৮৭	১৫,৫২৮.৮৯	৩১.৭৫%
	মাঝারি শিল্প	২,৪৩৪.৮৬	২,০৪৮.৬১	-১৫.৮৬%
	ক্ষুদ্র শিল্প	১,৫৪৪.২৬	১,৫৩৩.৭২	-০.৬৮%
	মোট	**১৫,৭৬৫.৯৯**	**১৯,১১১.২২**	**২১.২২%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	৫২,১৫৯.৮০	৬১,৪৭১.৮৯	১৭.৮৫%
	মাঝারি শিল্প	৭,৯৮৫.৮৫	৭,৬৬৩.৭৯	-৪.০৩%
	ক্ষুদ্র শিল্প	৫,৪৩২.৫৯	৬,১৭২.৭৫	১৩.৬২%
	মোট	**৬৫,৫৭৮.২৪**	**৭৫,৩০৮.৪৩**	**১৪.৮৪%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৬৩,৯৪৬.৬৭	৭৭,০০০.৭৮	২০.৪১%
	মাঝারি শিল্প	১০,৪২০.৭১	৯,৭১২.৪০	-৬.৮০%
	ক্ষুদ্র শিল্প	৬,৯৭৬.৮৫	৭,৭০৬.৪৭	১০.৪৬%
	মোট	**৮১,৩৪৪.২৩**	**৯৪,৪১৯.৬৫**	**১৬.০৭%**

বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ ছিল ৮১,৩৪৪.২৩ কোটি টাকা যা ২০১৮-১৯ অর্থবছরে একই সময়ে ১৬.০৭% বৃদ্ধি পেয়ে ৯৪,৪১৯.৬৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদি শিল্প ঋণ ১৫,৭৬৫.৯৯ কোটি টাকা হতে ২১.২২% বৃদ্ধি পেয়ে ১৯,১১১.২২ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণ ৬৫,৫৭৮.২৪ কোটি টাকা হতে ১৪.৮৪% বৃদ্ধি পেয়ে ৭৫,৩০৮.৪৩ কোটি টাকায় উন্নীত হয়েছে (ছক-১ ও চিত্র-৩)।

চিত্র ৩: মোট শিল্প ঋণ বিতরণের তুলনামূলক চিত্র (বিগত বছরের সাথে তুলনা)



চিত্র ৪: শিল্পের আকার অনুযায়ী ঋণ বিতরণের তুলনামূলক চিত্র



বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ের তুলনায় ২০১৮-২০১৯ অর্থবছরের একই সময়ে মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ শিল্পে ২০.৪১% এবং ক্ষুদ্র শিল্পে ১০.৪৬% বৃদ্ধি পেলেও মাঝারি শিল্পে ৬.৮০% হ্রাস পেয়েছে। তন্মধ্যে মেয়াদি শিল্প ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ শিল্পে ৩১.৭৫% বৃদ্ধি পেয়েছে এবং মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১৫.৮৬% ও ০.৬৮% হ্রাস পেয়েছে। অন্যদিকে চলতি মূলধন ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১৭.৮৫% ও ১৩.৬২% বৃদ্ধি পেলেও মাঝারি শিল্পে ৪.০৩% হ্রাস পেয়েছে (ছক-১ ও চিত্র-৪)।

বিগত ত্রৈমাসিকের শিল্প ঋণ বিতরণের সাথে তুলনামূলক চিত্রঃ

২০১৭-১৮ অর্থবছরের এপ্রিল-জুন ত্রৈমাসিকে মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ ছিল ৯৫,৬৩৬.৭৫ কোটি টাকা যা আলোচ্য জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে ১.২৭% হ্রাস পেয়ে ৯৪,৪১৯.৬৫ কোটি টাকা হয়েছে (ছক-২)। আলোচ্য ত্রৈমাসিকে বিগত এপ্রিল-জুন/ ২০১৭-১৮ ত্রৈমাসিকের তুলনায় মেয়াদি শিল্প ঋণ ৫.১১% এবং চলতি মূলধন ঋণ ০.২৫% হ্রাস পেয়েছে। শিল্পের আকার অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ শিল্পে ০.০২% বৃদ্ধি পেলেও মাঝারি ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৯.৫৫% ও ২.৬১% হ্রাস পেয়েছে।

ছক-২: শিল্প ঋণ বিতরণ: বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)

		এপ্রিল-জুন/২০১৭-১৮	জুলাই-সেপ্টেম্বর/২০১৮-২০১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৬,০৩৩.০৬	১৫,৫২৮.৮৯	-৩.১৪%
	মাঝারি শিল্প	২,৪২৫.৪০	২,০৪৮.৬১	-১৫.৫৪%
	ক্ষুদ্র শিল্প	১,৬৮২.৯৬	১,৫৩৩.৭২	-৮.৮৭%
	মোট	**২০,১৪১.৪২**	**১৯,১১১.২২**	**-৫.১১%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	৬০,৯৫৩.০৪	৬১,৪৭১.৮৯	০.৮৫%
	মাঝারি শিল্প	৮,৩১২.৩৬	৭,৬৬৩.৭৯	-৭.৮০%
	ক্ষুদ্র শিল্প	৬,২২৯.৯৩	৬,১৭২.৭৫	-০.৯২%
	মোট	**৭৫,৪৯৫.৩৩**	**৭৫,৩০৮.৪৩**	**-০.২৫%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৭৬,৯৮৬.১০	৭৭,০০০.৭৮	০.০২%
	মাঝারি শিল্প	১০,৭৩৭.৭৬	৯,৭১২.৪০	-৯.৫৫%
	ক্ষুদ্র শিল্প	৭,৯১২.৮৯	৭,৭০৬.৪৭	-২.৬১%
	মোট	**৯৫,৬৩৬.৭৫**	**৯৪,৪১৯.৬৫**	**-১.২৭%**


এপ্রিল-জুন/২০১৮ ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে মেয়াদি শিল্প ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ শিল্পে , মাঝারি শিল্পে ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৩.১৪%,১৫.৫৪% ও ৮.৮৭% হ্রাস পেয়েছে। অন্যদিকে একই সময়ের তুলনায় শিল্প খাতে চলতি মূলধন ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ শিল্প ০.৮৫% বৃদ্ধি পেলেও মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৭.৮০%, ০.৯২% হ্রাস পেয়েছে।

ঋণ আদায়


২০১৮-১৯ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ ৮১,৭৯৫.৪০ কোটি টাকা যার মধ্যে মেয়াদি শিল্প ঋণ আদায়ের পরিমাণ ১৬,৩৭৮.১৩ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণ আদায়ের পরিমাণ ৬৫,৪১৭.২৭ কোটি টাকা (ছক-৩ দ্রষ্টব্য)। বর্ণিত সময়ে আদায়কৃত মোট ৮১,৭৯৫.৪০ কোটি টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট শিল্প ঋণ আদায়ের হার যথাক্রমে ৮০.৯৫%, ১০.৮৪% এবং ৮.২১% (চিত্র-৫ দ্রষ্টব্য)।

আলোচ্য সময়ে শিল্প ঋণ হিসেবে মোট আদায়ের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৩.১৮%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭৫.০৮%, বিদেশি ব্যাংকসমূহ ১৭.০৩%, বিশেষায়িত ব্যাংকসমূহ ০.১৫% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৪.৫৬% আদায় করেছে (চিত্র-৬)।

চিত্র ৫: শিল্পের আকার অনুযায়ী মোট শিল্প ঋণ আদায়ের হার
(জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯)



চিত্র ৬: ব্যাংকের ধরণ অনুযায়ী মোট শিল্প ঋণ আদায়ের হার
(জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯)




বিগত অর্থবছরের শিল্প ঋণ আদায়ের সাথে তুলনামূলক চিত্রঃ


		ছক-৩: শিল্প ঋণ আদায়: বিগত অর্থবছরের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জুলাই-সেপ্টেম্বর, ২০১৭-১৮	জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১১,৩৮০.৬৯	১২,৫৫৩.৩৩	১০.৩০%
	মাঝারি শিল্প	২,৪৭৩.৪৯	২,০৮৪.৯৪	-১৫.৭১%
	ক্ষুদ্র শিল্প	১,৬৫৯.৫৬	১,৭৩৯.৮৬	৪.৮৪%
	মোট	১৫,৫১৩.৭৪	১৬,৩৭৮.১৩	**৫.৫৭%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	৪০,৮৩১.৩৪	৫৩,৬৬০.১০	৩১.৪২%
	মাঝারি শিল্প	৬,১৬৬.৯১	৬,৭৮৩.৩৭	১০.০০%
	ক্ষুদ্র শিল্প	৩,৪৫২.৯৯	৪,৯৭৩.৮০	৪৪.০৪%
	মোট	৫০,৪৫১.২৪	৬৫,৪১৭.২৭	**২৯.৬৬%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৫২,২১২.০৩	৬৬,২১৩.৪৩	২৬.৮২%
	মাঝারি শিল্প	৮,৬৪০.৪০	৮,৮৬৮.৩১	২.৬৪%
	ক্ষুদ্র শিল্প	৫,১১২.৫৫	৬,৭১৩.৬৬	৩১.৩২%
	মোট	৬৫,৯৬৪.৯৮	৮১,৭৯৫.৪০	**২৪.০০%**

বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ ছিল ৬৫,৯৬৪.৯৮ কোটি টাকা যা আলোচ্য সময়ে ২৪.০০% বৃদ্ধি পেয়ে ৮১,৭৯৫.৪০ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদি শিল্প ঋণ আদায় ১৫,৫১৩.৭৪ কোটি টাকা হতে ৫.৫৭% বৃদ্ধি পেয়ে ১৬,৩৭৮.১৩ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণ আদায় ৫০,৪৫১.২৪ কোটি টাকা হতে ২৯.৬৬% বৃদ্ধি পেয়ে ৬৫,৪১৭.২৭ কোটি টাকায় উন্নীত হয়েছে (ছক-৩ ও চিত্র-৭)।

চিত্র ৭: মোট শিল্প ঋণ আদায়ের তুলনামূলক চিত্র (বিগত বছরের সাথে তুলনা)



চিত্র ৮: শিল্পের আকার অনুযায়ী ঋণ আদায়ের তুলনামূলক চিত্র



বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকের তুলনায় আলোচ্য সময়ে মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২৬.৮২%,২.৬৪% ও ৩১.৩২% বৃদ্ধি পেয়েছে। তন্মধ্যে মেয়াদি শিল্প ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ শিল্পে এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১০.৩০% ও ৪.৮৪% বৃদ্ধি পেলেও মাঝারি শিল্পে হ্রাস পেয়েছে ১৫.৭১%। অন্যদিকে চলতি মূলধন ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ ,মাঝারি এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৩১.৪২%, ১০.০০% এবং ৪৪.০৪% বৃদ্ধি পেয়েছে (চিত্র-৮)।

বিগত ত্রৈমাসিকের শিল্প ঋণ আদায়ের সাথে তুলনামূলক চিত্রঃ

২০১৭-১৮ অর্থবছরের এপ্রিল-জুন ত্রৈমাসিকে মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ ছিল ৭৩,২৭৮.০৯ কোটি টাকা যা আলোচ্য ত্রৈমাসিকে ১১.৬২% বৃদ্ধি পেয়ে ৮১,৭৯৫.৪০ কোটি টাকায় দাঁড়িয়েছে (ছক-৪)। আলোচ্য ত্রৈমাসিকে বিগত এপ্রিল-জুন/২০১৭-১৮ ত্রৈমাসিকের তুলনায় মেয়াদি শিল্প ঋণ আদায় ১৬.১০% হ্রাস পেয়েছে, অন্যদিকে চলতি মূলধন ঋণ ২১.৬৯% বৃদ্ধি পেয়েছে। শিল্পের আকার অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে ১১.৪৩%, ১২.৭১% এবং ১২.১৪% বৃদ্ধি পেয়েছে ।


ছক-৪: শিল্প ঋণ আদায়: বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)


		এপ্রিল-জুন/২০১৭-২০১৮	জুলাই সেপ্টেম্বর/২০১৮-২০১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৫,৪৪০.১৫	১২,৫৫৩.৩৩	-১৮.৭০%
	মাঝারি শিল্প	২,১৬৮.১৬	২,০৮৪.৯৪	-৩.৮৪%
	ক্ষুদ্র শিল্প	১,৯১১.৯৩	১,৭৩৯.৮৬	-৯.০০%
	মোট	**১৯,৫২০.২৪**	**১৬,৩৭৮.১৩**	**-১৬.১০%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	৪৩,৯৮২.৬৫	৫৩,৬৬০.১০	২২.০০%
	মাঝারি শিল্প	৫,৭০০.৪১	৬,৭৮৩.৩৭	১৯.০০%
	ক্ষুদ্র শিল্প	৪,০৭৪.৭৯	৪,৯৭৩.৮০	২২.০৬%
	মোট	**৫৩,৭৫৭.৮৫**	**৬৫,৪১৭.২৭**	**২১.৬৯%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৫৯,৪২২.৮০	৬৬,২১৩.৪৩	১১.৪৩%
	মাঝারি শিল্প	৭,৮৬৮.৫৭	৮,৮৬৮.৩১	১২.৭১%
	ক্ষুদ্র শিল্প	৫,৯৮৬.৭২	৬,৭১৩.৬৬	১২.১৪%
	মোট	**৭৩,২৭৮.০৯**	**৮১,৭৯৫.৪০**	**১১.৬২%**

এপ্রিল-জুন, ২০১৭-১৮ ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে মেয়াদি শিল্প ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ শিল্প মাঝারি ও ক্ষুদ্র শিল্পে হ্রাস পেয়েছে যথাক্রমে ১৮.৭০%,৩.৮৪% ও ৯.০০%। অন্যদিকে একই সময়ের তুলনায় শিল্প খাতে চলতি মূলধন ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২২.০০%, ১৯.০০% ও ২২.০৬% বৃদ্ধি পেয়েছে।

মেয়াদোত্তীর্ণ ঋণ

২০১৮-১৯ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ ৬৭,৮৩৯.৯৬ কোটি টাকা যার মধ্যে মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণের পরিমাণ ৩৬,৯০৭.১২ কোটি টাকা এবং মেয়াদোত্তীর্ণ চলতি মূলধন ঋণের পরিমাণ ৩০,৯৩২.৮৪ কোটি টাকা (ছক-৫ দ্রষ্টব্য)। বর্ণিত সময়ে মেয়াদোত্তীর্ণ মোট ৬৭,৮৩৯.৯৬ কোটি টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের হার যথাক্রমে ৬৫.৭৫%, ২২.৬১% এবং ১১.৬৪% (চিত্র-৯ দ্রষ্টব্য)। আলোচ্য সময়ে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ২৪.৬২%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৬৬.৬৯%, বিদেশি ব্যাংকসমূহের ১.২২%, বিশেষায়িত ব্যাংকসমূহের ১.৪৮% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৫.৯৯% (চিত্র-১০)।






বিগত অর্থবছরের মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের সাথে তুলনামূলক চিত্রঃ


		ছক-৫: মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণ: বিগত অর্থবছরের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জুলাই-সেপ্টেম্বর, ২০১৭-১৮ আলোচ্য সময় শেষে (৩০ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে) স্থিতি	**জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯** আলোচ্য সময় শেষে (৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে) স্থিতি	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৯,২৮৬.৬২	২৪,১৯২.২৭	২৫.৪৪%
	মাঝারি শিল্প	৭,৬৬৭.১৪	৮,৪৫৮.৭৭	১০.৩২%
	ক্ষুদ্র শিল্প	১,৯৯৪.৫৪	৪,২৫৬.০৮	১১৩.৩৯%
	মোট	২৮,৯৪৮.৩০	৩৬,৯০৭.১২	**২৭.৪৯%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	১৭,৩৭১.৬২	২০,৪১৪.২৫	১৭.৫১%
	মাঝারি শিল্প	৪,৬৪৬.৪১	৬,৮৮০.০৯	৪৮.০৭%
	ক্ষুদ্র শিল্প	২,৭৪৪.১৮	৩,৬৩৮.৫০	৩২.৫৯%
	মোট	২৪,৭৬২.২১	৩০,৯৩২.৮৪	**২৪.৯২%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৩৬,৬৫৮.২৪	৪৪,৬০৬.৫২	২১.৬৮%
	মাঝারি শিল্প	১২,৩১৩.৫৫	১৫,৩৩৮.৮৬	২৪.৫৭%
	ক্ষুদ্র শিল্প	৪,৭৩৮.৭২	৭,৮৯৪.৫৮	৬৬.৬০%
	মোট	৫৩,৭১০.৫১	৬৭,৮৩৯.৯৬	**২৬.৩১%**

বিগত ২০১৭-২০১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ ছিল ৫৩,৭১০.৫১ কোটি টাকা যা আলোচ্য সময়ে ২৬.৩১% বৃদ্ধি পেয়ে ৬৭,৮৩৯.৯৬ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণ ২৮,৯৪৮.৩০ কোটি টাকা হতে ২৭.৪৯% বৃদ্ধি পেয়ে ৩৬,৯০৭.১২ কোটি টাকা এবং মেয়াদোত্তীর্ণ চলতি মূলধন ঋণ ২৪,৭৬২.২১ কোটি টাকা হতে ২৪.৯২% বৃদ্ধি পেয়ে ৩০,৯৩২.৮৪ কোটি টাকায় উন্নীত হয়েছে (চিত্র-১১)।

চিত্র- ১১: বিগত বছরের সাথে মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের তুলনামূলক চিত্র (কোটি টাকায়)



চিত্র-১২ : শিল্পের আকার অনুযায়ী মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের তুলনামূলক চিত্র



বিগত ২০১৭-২০১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য সময়ে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্পে, মাঝারি শিল্পে এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২১.৬৮%, ২৪.৫৭% এবং ৬৬.৬০%বৃদ্ধি পেয়েছে। তন্মধ্যে মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২৫.৪৪%, ১০.৩২% এবং ১১৩.৩৯%বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে মেয়াদোত্তীর্ণ চলতি মুলধন শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্প ,মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১৭.৫১%, ৪৮.০৭% ও ৩২.৫৯% বৃদ্ধি পেয়েছে (চিত্র-১২)।

বিগত ত্রৈমাসিকের মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের সাথে তুলনামূলক চিত্রঃ

২০১৭-১৮ অর্থবছরের এপ্রিল-জুন ত্রৈমাসিকে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ ছিল ৬০,৭২৯.৪৬ কোটি টাকা যা ২০১৮-১৯ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে ১১.৭১% বৃদ্ধি পেয়ে ৬৭,৮৩৯.৯৬ কোটি টাকায় দাঁড়িয়েছে (ছক-৬)। আলোচ্য ত্রৈমাসিকে বিগত এপ্রিল-জুন, ২০১৭-১৮ ত্রৈমাসিকের তুলনায় মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণ ১০.৪০% বৃদ্ধি পেয়েছে এবং চলতি মূলধন ঋণ ১৩.৩১% বৃদ্ধি পেয়েছে। শিল্পের আকার অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৭.৬২%, ১৩.৪৪% ও ৩৭.০৮% বৃদ্ধি পেয়েছে।

ছক-৬: মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণ: বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)


		এপ্রিল-জুন/২০১৭-১৮	জুলাই-সেপ্টেম্বর/২০১৮-২০১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	২৩,০১৭.১৭	২৪,১৯২.২৭	৫.১১%
	মাঝারি শিল্প	৮,০৭৪.৮৪	৮,৪৫৮.৭৭	৪.৭৫%
	ক্ষুদ্র শিল্প	২,৩৩৭.৮৩	৪,২৫৬.০৮	৮২.০৫%
	মোট	**৩৩,৪২৯.৮৪**	**৩৬,৯০৭.১২**	**১০.৪০%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	১৮,৪৩০.৪৮	২০,৪১৪.২৫	১০.৭৬%
	মাঝারি শিল্প	৫,৪৪৬.৩৭	৬,৮৮০.০৯	২৬.৩২%
	ক্ষুদ্র শিল্প	৩,৪২২.৭৭	৩,৬৩৮.৫০	৬.৩০%
	মোট	**২৭,২৯৯.৬২**	**৩০,৯৩২.৮৪**	**১৩.৩১%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৪১,৪৪৭.৬৫	৪৪,৬০৬.৫২	৭.৬২%
	মাঝারি শিল্প	১৩,৫২১.২১	১৫,৩৩৮.৮৬	১৩.৪৪%
	ক্ষুদ্র শিল্প	৫,৭৬০.৬০	৭,৮৯৪.৫৮	৩৭.০৪%
	মোট	**৬০,৭২৯.৪৬**	**৬৭,৮৩৯.৯৬**	**১১.৭১%**

এপ্রিল-জুন, ২০১৭-১৮ ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৫.১১%, ৪.৭৫% ও ৮২.০৫% বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে একই সময়ের তুলনায় শিল্প খাতে মেয়াদোত্তীর্ণ চলতি মূলধন ঋণের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১০.৭৬%,২৬.৩২% ও ৬.৩০% বৃদ্ধি পেয়েছে।


ঋণের বকেয়া স্থিতি

২০১৮-১৯ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৪৪৮,১৮২.৬৮ কোটি টাকা যার মধ্যে মেয়াদি শিল্প ঋণের বকেয়াস্থিতির পরিমাণ ২১৩,৪৮৬.৩৮ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৩৪,৬৯৬.৩০ কোটি টাকা (ছক-৭ দ্রষ্টব্য)। বর্ণিত সময়ে শিল্প ঋণের বকেয়া স্থিতির মোট ৪৪৮,১৮২.৬৮ কোটি টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির হার যথাক্রমে ৭৮.৫১%, ১৩.৮৫%, এবং ৭.৬৪% (চিত্র-১৩ দ্রষ্টব্য)। আলোচ্য সময়ে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ১৩.১৭%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭৪.৩৯%, বিদেশি ব্যাংকসমূহের ৪.৫১%, বিশেষায়িত ব্যাংকসমূহের ০.৬২% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৭.৩১% (চিত্র-১৪)।

চিত্র ১৩: শিল্পের আকার অনুযায়ী শিল্প ঋণের বকেয়া স্থিতির হার (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯)



চিত্র ১৪: ব্যাংকের ধরণ অনুযায়ী শিল্প ঋণের বকেয়া স্থিতির হার (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯)




বিগত অর্থবছরের শিল্প ঋণের বকেয়া স্থিতির সাথে তুলনামূলক চিত্রঃ


		ছক-৭: শিল্প ঋণের বকেয়া স্থিতি: বিগত অর্থবছরের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জুলাই-সেপ্টেম্বর, ২০১৭-১৮ আলোচ্য সময় শেষে (৩০সেপ্টেম্বর, ২০১৭ তারিখে) স্থিতি	**জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯** আলোচ্য সময় শেষে (৩০সেপ্টেম্বর, ২০১৮ তারিখে) স্থিতি	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৩১,১১৩.৮৬	১৬৭,৮৯৩.০৯	২৮.০৫%
	মাঝারি শিল্প	৩১,৪২৩.০১	২৯,৮৮০.৮৬	-৪.৯১%
	ক্ষুদ্র শিল্প	১৩,৩১৫.৮৮	১৫,৭১২.৪৩	১৮.০০%
	মোট	১৭৫,৮৫২.৭৫	২১৩,৪৮৬.৩৮	**২১.৪০%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	১৩১,৪২৭.১৪	১৮৩,৯৮২.৩০	৩৯.৯৯%
	মাঝারি শিল্প	২৮,৪৫২.৯৭	৩২,১৮১.০৪	১৩.১০%
	ক্ষুদ্র শিল্প	১৬,১৬৫.৯১	১৮,৫৩২.৯৬	১৪.৬৪%
	মোট	১৭৬,০৪৬.০২	২৩৪,৬৯৬.৩০	**৩৩.৩২%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	২৬২,৫৪১.০০	৩৫১,৮৭৫.৩৯	৩৪.০৩%
	মাঝারি শিল্প	৫৯,৮৭৫.৯৮	৬২,০৬১.৯০	৩.৬৫%
	ক্ষুদ্র শিল্প	২৯,৪৮১.৭৯	৩৪,২৪৫.৩৯	১৬.১৬%
	মোট	৩৫১,৮৯৮.৭৭	৪৪৮,১৮২.৬৮	**২৭.৩৬%**

বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে মোট শিল্প ঋণের পরিমাণ ছিল ৩,৫১,৮৯৮.৭৭ কোটি টাকা যা আলোচ্য সময়ে ২৭.৩৬% বৃদ্ধি পেয়ে ৪৪৮,১৮২.৬৮ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদি শিল্প ঋণের বকেয়া স্থিতি ১৭৫,৮৫২.৭৫ কোটি টাকা হতে ২১.৪০% বৃদ্ধি পেয়ে ২১৩,৪৮৬.৩৮ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতি ১৭৬,০৪৬.০২ কোটি টাকা হতে ৩৩.৩২% বৃদ্ধি পেয়ে ২৩৪,৬৯৬.৩০ কোটি টাকায় উন্নীত হয়েছে (ছক-৭ ও চিত্র-১৫)।

চিত্র-১৫ : বিগত বছরের সাথে শিল্প ঋণের বকেয়া স্থিতির তুলনামূলক চিত্র (কোটি টাকায়)



চিত্র- ১৬: বিগত বছরের সাথে শিল্প ঋণের বকেয়া স্থিতির তুলনামূলক চিত্র (কোটি টাকায়)



বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ের তুলনায় আলোচ্য সময়ে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৩৪.০৩%, ৩.৬৫% ও ১৬.১৬% বৃদ্ধি পেয়েছে। তন্মধ্যে মেয়াদি শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২৮.০৫ %, ও ১৮.০০% বৃদ্ধি পেলেও মাঝারি শিল্পে ৪.৯১% হ্রাস পেয়েছে। অন্যদিকে চলতি মূলধন শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৩৯.৯৯%, ১৩.১০% ও ১৪.৬৪%বৃদ্ধি পেয়েছে (ছক -৭)।

বিগত ত্রৈমাসিকের শিল্প ঋণের বকেয়া স্থিতির সাথে তুলনামূলক চিত্র

২০১৭-১৮ অর্থবছরের এপ্রিল-জুন ত্রৈমাসিকে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ছিল ৪৩২,৬৪৪.৫৪ কোটি টাকা যা আলোচ্য জুলাই-সেপ্টেম্বর/২০১৮-২০১৯ ত্রৈমাসিকে ৩.৫৯% বৃদ্ধি পেয়ে ৪৪৮,১৮২.৬৮ কোটি টাকায় দাঁড়িয়েছে । আলোচ্য ত্রৈমাসিকে বিগত এপ্রিল-জুন/২০১৭-১৮ ত্রৈমাসিকের তুলনায় মেয়াদি শিল্প ঋণের বকেয়া স্থিতি ৫.২৫% বৃদ্ধি পেয়েছে এবং চলতি মূলধন শিল্প ঋণের বকেয়া স্থিতি ২.১৩% বৃদ্ধি পেয়েছে। শিল্পের আকার অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প ও মাঝারি শিল্পে যথাক্রমে ৩.৬৬%, ৭.২০% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ২.৯৮% হ্রাস পেয়েছে (ছক-৮)।


ছক-৮: শিল্প ঋণের বকেয়া স্থিতি: বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)


		এপ্রিল-জুন/২০১৭-২০১৮	জুলাই-সেপ্টেম্বর/২০১৮-২০১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৫৯,৪৮৯.৯১	১৬৭,৮৯৩.০৯	৫.২৭%
	মাঝারি শিল্প	২৭,৮৪৭.৬০	২৯,৮৮০.৮৬	৭.৩০%
	ক্ষুদ্র শিল্প	১৫,৫০৬.৭৭	১৫,৭১২.৪৩	১.৩৩%
	মোট	**২০২,৮৪৪.২৮**	**২১৩,৪৮৬.৩৮**	**৫.২৫%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	১৭৯,৯৬৫.৫০	১৮৩,৯৮২.৩০	২.২৩%
	মাঝারি শিল্প	৩০,০৪৪.৪০	৩২,১৮১.০৪	৭.১১%
	ক্ষুদ্র শিল্প	১৯,৭৯০.৩৬	১৮,৫৩২.৯৬	-৬.৩৫%
	মোট	**২২৯,৮০০.২৬**	**২৩৪,৬৯৬.৩০**	**২.১৩%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৩৩৯,৪৫৫.৪১	৩৫১,৮৭৫.৩৯	৩.৬৬%
	মাঝারি শিল্প	৫৭,৮৯২.০০	৬২,০৬১.৯০	৭.২০%
	ক্ষুদ্র শিল্প	৩৫,২৯৭.১৩	৩৪,২৪৫.৩৯	-২.৯৮%
	মোট	**৪৩২,৬৪৪.৫৪**	**৪৪৮,১৮২.৬৮**	**৩.৫৯%**

এপ্রিল-জুন/২০১৭-১৮ ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে মেয়াদি শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্পে এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৫.২৭%, ৭.৩০% এবং ১.৩৩% বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে শিল্প খাতে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প ও মাঝারি শিল্পে ২.২৩% ও ৭.১১% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ৬.৩৫% হ্রাস পেয়েছে (ছক -৮)।

শ্রেণিকৃত ঋণ

২০১৮-১৯ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে মোট শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির পরিমাণ ৪৩,৬২০.৪৫ কোটি টাকা যার মধ্যে শ্রেণীকৃত মেয়াদি শিল্প ঋণের পরিমাণ ২৯,৫৮৫.১৩ কোটি টাকা এবং শ্রেণীকৃত চলতি মূলধন ঋণের পরিমাণ ১৪,০৩৫.৫৯ কোটি টাকা (ছক-৯)। বর্ণিত সময়ে শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির মোট ৪৩,৬২০.৪৫ কোটি টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির হার যথাক্রমে ৫৬.৯৯%, ২৬.৮৩% ও ১৬.১৮% (চিত্র-১৭ দ্রষ্টব্য)। আলোচ্য সময়ে মোট শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪৪.৯১%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪২.৪৬%, বিদেশি ব্যাংকসমূহের ১.৬৭%, বিশেষায়িত ব্যাংকসমূহের ২.২০% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৮.৭৬% (চিত্র-১৮)।






বিগত অর্থবছরের শ্রেণিকৃত স্থিতির সাথে তুলনামূলক চিত্র

ছক-৯: শিল্প ঋণের শ্রেণীবিন্যাসিত স্থিতি: বিগত অর্থবছরের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)


		জুলাই-সেপ্টেম্বর, ২০১৭-১৮ আলোচ্য সময় শেষে (৩০সেপ্টেম্বর, ২০১৭ তারিখে) স্থিতি	**জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯** আলোচ্য সময় শেষে (৩০সেপ্টেম্বর, ২০১৮ তারিখে) স্থিতি	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১২,৯৯৬.২৬	১৮,০০০.৩০	৩৮.৫০%
	মাঝারি শিল্প	৬,৪২২.১৯	৭,৮০৪.৫৮	২১.৫৩%
	ক্ষুদ্র শিল্প	২,০৩১.১৬	৩,৭৮০.২৫	৮৬.১১%
	মোট	২১,৪৪৯.৬১	২৯,৫৮৫.১৩	**৩৭.৯৩%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	৫,২০৪.২৭	৬,৮৫৭.১৫	৩১.৭৬%
	মাঝারি শিল্প	২,৯৫৫.০০	৩,৯০০.৮০	৩২.০১%
	ক্ষুদ্র শিল্প	১,৬৬০.৮০	৩,২৭৭.৬৪	৯৭.৩৫%
	মোট	৯,৮২০.০৭	১৪,০৩৫.৫৯	**৪২.৯৩%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৮,২০০.৫৩	২৪,৮৫৭.১৮	৩৬.৫৭%
	মাঝারি শিল্প	৯,৩৭৭.১৯	১১,৭০৫.৩৮	২৪.৮৩%
	ক্ষুদ্র শিল্প	৩,৬৯১.৯৬	৭,০৫৭.৮৯	৯১.১৭%
	মোট	৩১,২৬৯.৬৮	৪৩,৬২০.৪৫	**৩৯.৫০%**

বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে মোট শ্রেণীকৃত শিল্প ঋণের পরিমাণ ছিল ৩১,২৬৯.৬৮ কোটি টাকা যা আলোচ্য সময়ে ৩৯.৫০% বৃদ্ধি পেয়ে ৪৩,৬২০.৪৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদি শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতি ২১,৪৪৯.৬১ কোটি টাকা হতে ৩৭.৯৩% বৃদ্ধি পেয়ে ২৯,৫৮৫.১৩ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণের শ্রেণীকৃত স্থিতি ৯,৮২০.০৭ কোটি টাকা হতে ৪২.৯৩% বৃদ্ধি পেয়ে ১৪,০৩৫.৫৯ কোটি টাকায় উন্নীত হয়েছে (ছক-০৯ ও চিত্র- ১৯)।

চিত্র-১৯ : বিগত বছরের সাথে শ্রেণীকৃত শিল্প ঋণের তুলনামূলক চিত্র (কোটি টাকায়)



চিত্র-২০ : বিগত বছরের সাথে শ্রেণীকৃত শিল্প ঋণের তুলনামূলক চিত্র (কোটি টাকায়)



বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ের তুলনায় আলোচ্য সময়ে মোট শ্রেণীকৃত শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৩৬.৫৭%, ২৪.৮৩% ও ৯১.১৭% বৃদ্ধি পেয়েছে। তন্মধ্যে শ্রেণীকৃত মেয়াদি শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৩৮.৫০%, ২১.৫৩% এবং ৮৬.১১% বৃদ্ধি পেয়েছে । অন্যদিকে চলতি মূলধন শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৩১.৭৬%, ৩২.০১% ও ৯৭.৩৫% বৃদ্ধি পেয়েছে (ছক-০৯ ও চিত্র - ২০)।

বিগত ত্রৈমাসিকের শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতির সাথে তুলনামূলক চিত্র

		ছক-১০: শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতি: বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		এপ্রিল-জুন/২০১৭-২০১৮	জুলাই-সেপ্টেম্বর/২০১৮-২০১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৫,৮৭৯.৮০	১৮,০০০.৩০	১৩.৩৫%
	মাঝারি শিল্প	৭,৭১৪.৪৫	৭,৮০৪.৫৮	১.১৭%
	ক্ষুদ্র শিল্প	২,৯২৪.৮৫	৩,৭৮০.২৫	২৯.২৫%
	মোট	**২৬,৫১৯.১০**	**২৯,৫৮৫.১৩**	**১১.৫৬%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	৬,০১৯.৭৪	৬,৮৫৬.৮৮	১৩.৯১%
	মাঝারি শিল্প	৩,৬০৪.৫৪	৩,৯০০.৮০	৮.২২%
	ক্ষুদ্র শিল্প	২,৩৫৬.০২	৩,২৭৭.৬৪	৩৯.১২%
	মোট	**১১,৯৮০.৩০**	**১৪,০৩৫.৩২**	**১৭.১৫%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	২১,৮৯৯.৫৪	২৪,৮৫৭.১৮	১৩.৫১%
	মাঝারি শিল্প	১১,৩১৮.৯৯	১১,৭০৫.৩৮	৩.৪১%
	ক্ষুদ্র শিল্প	৫,২৮০.৮৭	৭,০৫৭.৮৯	৩৩.৬৫%
	মোট	**৩৮,৪৯৯.৪০**	**৪৩,৬২০.৪৫**	**১৩.৩০%**

২০১৭-১৮ অর্থবছরের এপ্রিল-জুন ত্রৈমাসিকে মোট শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতির পরিমাণ ছিল ৩৮,৪৯৯.৪০ কোটি টাকা যা আলোচ্য জুলাই-সেপ্টেম্বর, ২০১৮-১৯ ত্রৈমাসিকে ১৩.৩০% বৃদ্ধি পেয়ে ৪৩,৬২০.৪৫ কোটি টাকায় দাঁড়িয়েছে (ছক-১০)। আলোচ্য ত্রৈমাসিকে বিগত এপ্রিল-জুন, ২০১৭-১৮ ত্রৈমাসিকের তুলনায় মেয়াদি শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতি ১১.৫৬% এবং চলতি মূলধন ঋণের শ্রেণীকৃত স্থিতি ১৭.১৫% বৃদ্ধি পেয়েছে। শিল্পের আকার অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মোট শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতির পরিমাণ ক্ষুদ্র শিল্প, বৃহৎ শিল্প এবং মাঝারি শিল্পে যথাক্রমে ১৩.৫১%, ৩.৪১% ও ৩৩.৬৫% বৃদ্ধি পেয়েছে।

এপ্রিল-জুন ২০১৭-১৮ ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে মেয়াদি শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতির পরিমাণ বৃহৎ শিল্পে, মাঝারি শিল্পে ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১৩.৩৫% ,১.১৭% ও ২৯.২৫% বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে একই সময়ের তুলনায় শিল্প খাতে চলতি মূলধন ঋণের শ্রেণীকৃত স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্পে ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১৩.৯১%, ৮.২২% ও ৩৯.১২% বৃদ্ধি পেয়েছে। (ছক -১০)।

এছাড়া, একক প্রতিষ্ঠানসমূহের শ্রেণিকৃত ঋণের হার পর্যালোচনায় দেখা যায়, ৩৬টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ৫% এর নিচে, ২৮টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ৫% এর বেশি কিন্তু ১০% এর নিচে, ৩টি প্রতিষ্ঠানের শ্রেণীকৃত ঋণের হার ১০% এর বেশি কিন্তু ১৫% এর নিচে এবং ২২টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ১৫% এর বেশি রয়েছে।